রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০১৯ তারিখ: ২৪.১১.২০১৯

বিষয়: ব্যাংকের ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অংকের মঞ্জুরি/নবায়নতব্য ঋণের Risk Rating এর জন্য External Credit Assessment Institutions (ECAI's) তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।

রাকাব, পরিচালনা পর্ষদের ৪৯৪তম সভার অনুমোদনক্রমে গত ১৮.০৪.২০১৯ তারিখে ঋওঅবি-১ সার্কুলার নং-০১/২০১৯ এর মাধ্যমে জারীকৃত 'লেন্ডিং পলিসি ও অপারেশন ম্যানুয়েল' এর ১০ম অধ্যায়ের ১০.১০ নম্বর অনুচ্ছেদে এ ব্যাংকের ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অংকের মঞ্জুরি/নবায়নতব্য ঋণের ক্ষেত্রে Credit Rating বাধ্যতামূলক মর্মে নির্দেশনা রয়েছে।

ব্যাংকের Risk Weighted Assets নিরূপণের ক্ষেত্রে কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ২১.১২.২০১৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-১৮ এর মাধ্যমে প্রণীত Guidelines on Risk Based Capital Adequacy (Revised Regulatory Capital Framework for Banks in line with Basel III) এর Clause No. 5.2.9 এ কর্পোরেট ঋণগ্রহিতা নিম্নোক্তভাবে সংজ্ঞায়িত করা হয়েছে:

> "**Claims on Corporate**: Loans and advances to and investments (excluding equity exposure) in corporate. 'Corporate' refers to any proprietorship, partnership and limited company that is neither PSE, bank, NBFI nor borrower within the definition of retail portfolio. The definition will also include the loans/advances to the Exchange Houses by the banks."

সূত্রোক্ত গাইডলাইনের Clause No. 5.4 এ Risk Weighted Assets নিরূপণের ক্ষেত্রে কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating এবং এর বিপরীতে ঝুঁকি ভারত্বমান (Risk Weight) নিম্নরূপভাবে বর্ণিত রয়েছে:

Risk Weight for Balance Sheet Exposure

Exposure Type	BB's Rating Grade	Risk Weight (%)
Claims on Corporate (Excluding equity exposure)	1	20
	2	50
	3,4	100
	5,6	150
	Unrated	125

উল্লেখ্য, বর্তমানে কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating এর মান Unrated হিসেবে বিবেচনা করে ব্যাংকের Risk Weighted Assets নিরূপণ করা হচ্ছে। অপরাপর কর্পোরেট ঋণগ্রহিতাদের Credit Rating এর মানোন্নয়নের সাথে সাথে ব্যাংকের Risk Weighted Assets এর পরিমাণ হ্রাস পাবে। ফলশ্রুতিতে Capital to Risk Weighted Assets Ratio (CRAR) এর উপর ইতিবাচক প্রভাব পড়বে।

ব্যাংকের ঋণ ঝুঁকি ব্যবস্থাপনা অধিকতর কার্যকর করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক ০১.০১.২০১৪ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নম্বর-১ এর মাধ্যমে ঋণগ্রহিতাদের Credit Risk Rating সংক্রান্ত কার্যাদি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত ৮টি Credit Rating Agency কে External Credit Assessment Institutions (ECAI's) হিসেবে অনুমোদন দেয়া হয়েছে:

1. Credit Rating Agency of Bangladesh Ltd. (CRAB);
2. Credit Rating Information and Services Limited (CRISL);
3. National Credit Ratings Ltd. (NCRL);
4. Emerging Credit Rating Ltd. (ECRL);
5. ARGUS Credit Rating Services Limited (ACRSL);
6. Alpha Credit Rating Limited (ACRL);
7. WASO Credit Rating Company (BD) Ltd. and
8. The Bangladesh Rating Agency Limited (BDRAL).

(চলমান পাতা-২)

Methodology requires minimum information on following parameters for Corporate

(Other than Bank & Non-Bank financial institution)

1. Financial Risk	
	1.1 Leverage
	1.2 Liquidity
	1.3 Profitability
	1.4 Coverage ratio
2. Business/Industry Risk	
	2.1 Size of Business
	2.2 Age of Business
	2.3 Business Outlook
	2.4 Industry Growth
	2.5 Competition
	2.6 Entry/Exit Barriers to Business
3. Management Risk	
	3.1 Experience
	3.2 Succession
	3.3 Team Work
4. Security Risk	
	4.1 Security Coverage
	4.2 Collateral Coverage
	4.3 Support/Guarantee
	4.4 Legal intervention (if any)
5. Relationship Risk	
	5.1 Account Conduct
	5.2 Utilization of Limit (if any loan from Bank)
	5.3 Compliance of Covenants/Conditions with Banks & other counterparty
	5.4 Deposit with Bank or Others

ECAI's Credit Rating Catagories mapped with BB's Rating Grade

BB Rating Grade	Equivalent Rating of S&P and Fitch	Equivalent Rating of Moody	Equivalent Rating of CRISL	Equivalent Rating of CRAB	Equivalent Rating of NCRL	Equivalent Rating of ECRL	Equivalent Rating of ACRSL	Equivalent Rating of ACRL	Equivalent Rating of WASO
1	AAA to AA	Aaa to Aa	AAA, AA+, AA, AA-	AAA, AA1, AA2, AA3	AAA, AA+, AA, AA-	AAA, AA+, AA, AA-	AAA, AA+, AA, AA-	AAA, AA+, AA, AA-	AAA, AA1, AA2, AA3
2	A	A	A+, A, A-	A1, A2, A3	A+, A, A-	A+, A, A-	A+, A, A-	A+, A, A-	A1, A2, A3
3	BBB	Baa	BBB+, BBB, BBB-	BBB1, BBB2, BBB3	BBB+, BBB, BBB-	BBB+, BBB, BBB-	BBB+ BBB, BBB-	BBB+ BBB, BBB-	BBB1, BBB2, BBB3-
4	BB to B	Ba to B	BB+, BB, BB-	BB1, BB2, BB3	BB+, BB, BB-	BB+, BB, BB-	BB+, BB, BB-	BB+,BB, BB-	BB1, BB2, BB3
5	Below B	Below B	B+, B, B-, CCC+, CCC, CCC-, CC+, CC, CC-	B1, B2, B3, CCC1, CCC2, CCC3, CC	B+, B, B-	B+, B, B-,	B+, B, B-, CC+, CC, CC-	B+, B, B-, CCC	B1,B2,B3, CCC
6			C+,C, C-, D	C, D	C+, C,C-, D	D	C+,C,C-,D	CC+,CC, CC-,C+, C,C-,D	CC1,CC2, CC3, C+,C,C-,D

ঋওঅবি-১ সার্কুলার নং-০৭/২০১৯ তারিখ: ২৪.১১.২০১৯

বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত সার্কুলারের নির্দেশনাবলীর অনুবৃত্তিক্রমে গত ১৩.১০.২০১৯ তারিখে অনুষ্ঠিত রাকাব, পরিচালনা পর্ষদের ৫০৪তম সভায় এ ব্যাংকের ০১(এক) কোটি ও তদুর্ধ্ব অংকের মঞ্জুরি/নবায়নতব্য ঋণের ক্ষেত্রে Credit Rating সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত উপরোল্লিখিত ০৮(আট)টি ক্রেডিট রেটিং এজেন্সিসমূহকে নিম্নোক্ত শর্তে তালিকাভুক্তিকরণের অনুমোদন দেয়া হয়েছে:

১. ক্রেডিট রেটিং এজেন্সি পছন্দের ক্ষেত্রে ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের পূর্ণ স্বাধীনতা থাকবে।
২. ক্রেডিট রেটিং সংক্রান্ত কার্যাদি ০১(এক) মাসের মধ্যে সম্পাদনপূর্বক পূর্ণাঙ্গ রিপোর্ট ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠান ও ব্যাংকের নিকট দাখিল করতে হবে।
৩. ক্রেডিট রেটিং রিপোর্ট অবশ্যই বস্তুনিষ্ঠ, স্বাধীন এবং স্বার্থের দ্বন্দ্বমুক্ত হতে হবে।
৪. ক্রেডিট রেটিং রিপোর্ট প্রস্তুতকরণ সংক্রান্ত প্রয়োজনীয় ফি ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠান কর্তৃক প্রদেয় হবে।
৫. ঋণগ্রহিতা/ঋণগ্রহিতা প্রতিষ্ঠানের তথ্যাদি পর্যালোচনার ক্ষেত্রে বিশ্বস্ততা ও গোপনীয়তা বজায় রাখতে হবে।
৬. ক্রেডিট রেটিং সংক্রান্ত কার্যাদি সম্পাদনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এতদসংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে।
৭. ক্রেডিট রেটিং এজেন্সির ক্ষেত্রে প্রযোজ্য International Organization of Securities Commissions (IOSCO) এবং Bangladesh Securities & Exchange Commission (BSEC) কর্তৃক প্রকাশিত/নির্ধারণকৃত Code of Conduct যথাযথভাবে পরিপালন করতে হবে।
৮. ব্যাংক কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন ক্রেডিট রেটিং এজেন্সির তালিকাভুক্তিকরণ বাতিল, ক্রেডিট রেটিং এজেন্সি কর্তৃক দাখিলকৃত রিপোর্ট গ্রহণ/বাতিল এবং বর্ণিত শর্তাবলীর পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন করার অধিকার সংরক্ষণ করবে।

এ সার্কুলারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। একইসাথে ঋণ ঝুঁকি নির্ধারণের ক্ষেত্রে ব্যাংক কর্তৃক জারীকৃত 'ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন' এবং এতদসংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। এ বিষয়ে কোন ব্যাখ্যা/স্পষ্টীকরণের প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-১ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনাদের বিশ্বস্ত

২৪.১১.২০১৯
(শওকত শহীদুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

সূত্র নং-প্রকা/ঋওঅবি-১/৩৬১(Credit Rating)/২০১৯-২০২০/৫০৮(৪৫৪) তারিখ: ২৪.১১.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
১১। সহকারী মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। অফিস নথি/মহানথি।

২৪.১১.২০১৯
(শাহনেওয়াজ ছাররে মাহমুদ)
মুখ্য কর্মকর্তা